

“বঙ্গবন্ধুর দর্শন সম্বায়ে
উন্নয়ন”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
সমবায় শাখা ডেস্ক-১
www.brdb.gov.bd



স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১৬.৩৯৯.১৮.২০

তারিখ: ১০ চৈত্র ১৪২৬
২৪ মার্চ ২০২০

বিষয়: **জাতীয় পল্লী উন্নয়ন পদক ২০১৯ প্রদানের নিমিত্ত প্রার্থী তালিকা প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে দৃষ্টান্তমূলক অবদান রাখার জন্য ২০১৯ সালের জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের লক্ষ্যে ‘জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা-২০১২’ এর আলোকে উপজেলা কমিটির মনোনীত ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনসমূহের নামের তালিকা হতে জেলা কমিটি কর্তৃক শ্রেণিভিত্তিক শ্রেষ্ঠ অবস্থান নির্বাচন করে আগামী ৩০ এপ্রিল, ২০২০ খ্রি. এর মধ্যে বিভাগীয় কমিটিতে উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় সদরের বিআরডিবি’র উপপরিচালক জেলা কমিটির নির্বাচিত তালিকা বিভাগীয় কমিটিতে উপস্থাপন করবেন। বিভাগীয় কমিটি কর্তৃক নির্বাচিত প্রার্থীর তালিকা ও সভার কার্যবিবরণী’র ছায়ািলপি আগামী ৩১ মে, ২০২০খ্রি. এর মধ্যে পরিচালক (সরেজমিন), বিআরডিবি বরাবর প্রেরণ এবং কার্যবিবরণীর সফট কপি ddcoop@brdb.gov.bd ওয়েব মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।

পল্লী উন্নয়ন পদকের জন্য ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠন নির্বাচনের ক্ষেত্রে সংযুক্ত মানদন্ডসমূহ ভিত্তি হিসেবে বিবেচনা করতে হবে এবং শ্রেণিভিত্তিক কর্মকান্ডের প্রাঞ্জল বর্ণনা থাকতে হবে। সংগঠনভিত্তিক মনোনয়নের ক্ষেত্রে ব্যক্তিকে মনোনীত করা যাবে না। প্রাথমিকভাবে মনোনীত ব্যক্তির প্রেরিত ছবি পিপি সাইজের এবং সমিতি/ প্রতিষ্ঠান/ সংগঠনের ক্ষেত্রে এর নামফলক স্পষ্ট দৃশ্যমানসহ মালিক/ সদস্যদের মানসম্মত গুপ ছবি প্রেরণ করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৪-৩-২০২০

আবদুর রশিদ

পরিচালক (সরেজমিন), যুগ্মসচিব

ফোন: +৮৮০২৮১৮০০০৬

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: drfs@brdb.gov.bd

উপপরিচালক, বিআরডিবি, (সকল জেলা)।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১৬.৩৯৯.১৮.২০/১(৫০৮)

তারিখ: ১০ চৈত্র ১৪২৬
২৪ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (সকল)।
- ২) বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩) জেলা প্রশাসক (সকল)।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৫) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।

৬) মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২৪-৩-২০২০

সুকুমার চন্দ্র দাস

যুগ্মপরিচালক (সিসিএম)